গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালচনা সভা (জুলাই-সেপ্টেম্বর ২০২৫), গাইবান্ধা জেলা -এর কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | জনাব যাদব সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্ধা। |
| বিশেষ অতিথি | : | মোহাম্মদ শফিকুল ইসলাম, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা।<br>মোঃ ওয়াদুদুর রহমান, উপ-প্রকল্প সমন্বয়ক ও প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। |
| সভাপতি | : | জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম, চ.দা.), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। |
| তারিখ | : | ০৩-১১-২০২৫ খ্রি. |
| সময় | : | দুপুর ০১:০০ – বিকাল ০৫:০০ টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা। |

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও মূল কার্যক্রমগুলো সংক্ষেপে তুলে ধরেন। সভাপতির অনুরোধক্রমে প্রোগ্রাম ম্যানেজার জনাব জেসিকা গমেজ বিগত সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে উপস্থাপন করেন। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের সার্বিক অগ্রগতি | সভায় প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকের অগ্রগতি ও গাইবান্ধা জেলার অগ্রগতি উপস্থাপন করা হয়। | কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | নতুন পানি সমতল | তিস্তা নদীতে পানি সমতল পর্যবেক্ষণের জন্য বর্তমানে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দুইটি পানি সমতল গেজ রয়েছে, যেগুলো কাউনিয়া ও ডালিয়া পয়েন্টে অবস্থিত। উক্ত পয়েন্ট দু'টির পানি সমতল তথ্য রংপুর জেলার জন্য যথাযথ হলেও, তিস্তা থেকে তারাপুর পর্যন্ত কোনো পানি সমতল গেজ না থাকায় এবং নদীর প্রবাহচিত্র, চ্যানেলের গতিপথ দ্রুত পরিবর্তন ও উজান থেকে হঠাৎ পানির প্রবাহ বৃদ্ধি বিবেচনায় এ দু'টি পয়েন্টের পানি সমতল তথ্য গাইবান্ধা জেলায় বন্যা পূর্বাভাস প্রদানের জন্য সম্পূর্ণ উপযোগী ও পর্যাপ্ত নয়। ফলে অনেক সময় উক্ত পয়েন্ট দু'টির পানি সমতল তথ্যের উপর ভিত্তি করে গাইবান্ধায় আগাম পদক্ষেপ গ্রহণ করা হলেও পরবর্তীতে তা | ক) তারাপুর ও হরিপুর ইউনিয়নের পানি সমতল গেজ দু'টির বিপদসীমা নির্ধারণের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) তিস্তা নদী অববাহিকায় অতিরিক্ত পানি সমতল পর্যবেক্ষণ স্টেশন স্থাপনের প্রয়োজনীয়তা রয়েছে কিনা তা বাপাউবো'র সাথে ও টেকনিক্যাল অ্যাডভাইজরি কমিটির পরবর্তী সভায় আলোচনা করতে হবে। | টিম লিডার ও জিআইএস স্পেশালিস্ট |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ভুল বা অকার্যকর হিসেবে প্রতীয়মান হয়। বিশেষ করে গাইবান্ধা জেলার নিম্নাঞ্চলে পানি দ্রুত বৃদ্ধি বা হ্রাস পাওয়ার প্রবণতা থাকায় স্থানীয়ভাবে আরও বেশি সংখ্যক পানি সমতল পর্যবেক্ষণ স্টেশন প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।<br>সভায় অবহিত করা হয় যে, প্রভাতী প্রকল্পের উদ্যোগে ইতোমধ্যে গাইবান্ধা জেলার তারাপুর ইউনিয়নে একটি পানি সমতল গেজ স্থাপন করা হয়েছে এবং হরিপুর ইউনিয়নে বাপাউবো'র একটি পানি সমতল গেজ বন্যা পূর্বাভাস ব্যবস্থায় অন্তর্ভুক্ত করা হয়েছে। সভায় আরও জানানো হয় যে, এ গেজ দুটি সহ সকল গেজ রিডারদের প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং এ গেজ দুটি থেকে নিয়মিত তথ্য সংগ্রহ করা হচ্ছে। এ গেজ দুইটি থেকে প্রাপ্ত তথ্য স্থানীয় পর্যায়ে পানি সমতল পর্যবেক্ষণ ও বন্যা পূর্বাভাস প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে মর্মে সভায় আলোচনা হয়। | | |
| ০৩। | বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের আওতা বৃদ্ধি | প্রকল্প এলাকার অন্তর্গত গাইবান্ধা জেলার পাঁচটি উপজেলার পাশাপাশি জেলার অন্য দুইটি উপজেলায়ও (গোবিন্দগঞ্জ ও পলাশবাড়ী) ভয়েস মেসেজের মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের বিষয় সভায় আলোচনা হয়। | প্রকল্প থেকে উক্ত উপজেলাগুলোর (গোবিন্দগঞ্জ ও পলাশবাড়ী) জন্য প্লাবন মানচিত্রের তথ্য সরবরাহ করা সম্ভব না হলেও পরবর্তী বন্যা মৌসুম থেকে এসব এলাকায় ভয়েস মেসেজের মাধ্যমে বন্যার পূর্বাভাস ও আগাম সতর্কবার্তা প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার |
| ০৪। | অন্যান্য দুর্যোগের আগাম সতর্কবার্তা প্রচার | বন্যা ছাড়াও অন্যান্য দুর্যোগ, যেমন- অতিবৃষ্টি, ঝড় ইত্যাদিতে এলাকার ফসল ও কৃষকগণ ক্ষতিগ্রস্ত হওয়ায় ভয়েস মেসেজের মাধ্যমে আগাম সতর্কবার্তা প্রচারের বিষয়টি বিবেচনা করার বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি, অধিকতর প্রচারের জন্য দুর্যোগের তথ্য স্থানীয় প্রেস ক্লাবগুলোতে প্রেরণের প্রস্তাব করা হয়। | ভবিষ্যতে বন্যার পাশাপাশি অন্যান্য দুর্যোগের আগাম সতর্কবার্তা ভয়েস মেসেজের মাধ্যমে প্রচারের বিষয়টি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর থেকে বিবেচনা করবে ও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর |
| ০৫। | কিয়স্ক ড্যাশবোর্ডের উন্নয়ন | প্রকল্প এলাকায় স্থাপিত কিয়স্ক ড্যাশবোর্ডগুলোতে বন্যার আগাম সতর্কবার্তা অডিও আকারে চালানো হলে তা সহজে জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করতে পারবে। এছাড়াও দুর্যোগ সংক্রান্ত অন্যান্য ওয়েবসাইটের তথ্য কিয়স্ক ড্যাশবোর্ডে যুক্ত করার বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।<br>কিয়স্ক ড্যাশবোর্ডে অডিও সতর্কবার্তা চালানো সম্ভব নয়। প্রকল্পের অধীনে চলমান ইন্টিগ্রেটেড ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন তৈরির কাজ | ইন্টিগ্রেটেড মোবাইল অ্যাপ্লিকেশনে কিয়স্ক ড্যাশবোর্ড ও বন্যার পাশাপাশি অন্যান্য দুর্যোগের তথ্য সন্নিবেশ করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সম্পন্ন হলে অ্যাপ্লিকেশনটি কিয়স্ক ড্যাশবোর্ডে যুক্ত করা হবে, যার মাধ্যমে বন্যার পাশাপাশি অন্যান্য দুর্যোগের তথ্য ড্যাশবোর্ডে প্রদর্শন করা সহজ হবে। | | |
| ০৬। | বন্যায় উদ্ধার কার্যক্রমের জন্য প্রদত্ত মাল্টি পারপাস রেসকিউ বোট সচল | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর থেকে গাইবান্ধা জেলায় মোট দুটি (০২) মাল্টি পারপাস রেসকিউ বোট প্রদান করা হয়েছে। বন্যাকালীন সময়ে উদ্ধার কার্যক্রম পরিচালনার জন্য এগুলো ব্যবহার করতে যথাযথ কর্তৃপক্ষ থেকে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের (যেমন- মাঝি, জ্বালানি ইত্যাদি খরচ বাবদ) বিষয়ে সভায় আলোচনা হয়। | এ বিষয়ে প্রয়োজনীয় আলোচনা চলমান রয়েছে। পরবর্তী সভায় অগ্রগতি জানানো হবে। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর |
| ০৭। | স্লুইস গেট রক্ষণাবেক্ষণ | বর্ষা মৌসুমে ব্রহ্মপুত্র নদের পানি বৃদ্ধি পেলে কিছু স্লুইস গেট ব্যাকফ্লো করে গাইবান্ধা শহর ও সদর এলাকায় পানি প্রবেশ করে, যার ফলে অত্র এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়। এ ধরনের পরিস্থিতি নিয়ন্ত্রণে স্লুইস গেটগুলো নিয়মিত তদারকি ও রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয়তা সভায় তুলে ধরা হয়। | উল্লেখিত পরিস্থিতি অবহিত করে স্থানীয় স্লুইস গেটগুলো মেরামত ও রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে অবহিত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও উপ-প্রকল্প সমন্বয়ক |
| ০৮। | বিবিধ | সভায় উপস্থিত চরাঞ্চলের প্রতিনিধি একজন বন্যা স্বেচ্ছাসেবক বলেন, প্রভাতী প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত আগাম সতর্কবার্তাগুলো খুবই কার্যকর। কিন্তু চর এলাকার হাতিবান্ধা ও গোপালপুর গ্রামগুলোতে কোনো আশ্রয়কেন্দ্র নেই, যা বন্যা ও অন্যান্য দুর্যোগ মোকাবেলায় একটি চ্যালেঞ্জ। প্রকল্প সমন্বয়ক জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের এ সংক্রান্ত একটি প্রকল্প প্রস্তাবনা বিবেচনাধীন রয়েছে। | | |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩।১১।২০২৫

**(নিতাই চন্দ্র দে সরকার)**
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৯৮০ — তারিখ: ২৩-১১-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্ধা।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা।
৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা।
৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সদর/ফুলছড়ি/সাঘাটা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর), গাইবান্ধা।
৯। উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, ঢাকা।
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সদর/ফুলছড়ি/সাঘাটা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর), গাইবান্ধা।
১১। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা।
১২। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
১৩ টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৬। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৭। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৮। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৯। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২০। ফিল্ড ফ্যাসিলিটেটর, গাইবান্ধা, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২১। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২২। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২৩। অফিস কপি/গার্ড ফাইল।

Wadud ২৩।১১।২৫

**(মোঃ ওয়াদুদুর রহমান)**
উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর